দৈনিক বাংলা

শিক্ষা তথ্য সংরক্ষণাগার
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 25 JUL 1988
পৃষ্ঠা 3 কলাম 1

৬০

৭৫

# শিক্ষক সমিতি ফেডারেশন কার্যালয়ে নিতাই রায়

শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী গত শনিবার আকস্মিকভাবে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের কার্যালয় পরিদর্শনে যান এবং ফেডারেশনের নেতৃবৃন্দের সঙ্গে দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিরাজমান বিভিন্ন সমস্যা নিয়ে আলাপ-আলোচনা করেন। খবর তথ্য বিবরণীর।

প্রতিমন্ত্রী বলেন, প্রেসিডেন্ট এরশাদ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের শুধু সভাপতিই নন তিনি শিক্ষকদের অভিভাবকও। প্রেসিডেন্ট শিক্ষকদের সকল সমস্যা সবসময় সহানুভূতির সঙ্গে বিবেচনা করেন এবং অতীতের চেয়ে বর্তমানে শিক্ষকগণ অধিক সুবিধা ভোগ করছেন।